কালের কণ্ঠ

তারিখ ... 06 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ......

# সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত করার পক্ষে মত প্রধানমন্ত্রীর

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ওপর শিক্ষার্থীদের চাপ কমাতে সরকারি কলেজগুলোকে সংশ্লিষ্ট পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান করার পক্ষে অভিমত দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে বেসরকারি কলেজগুলোকেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত করা প্রয়োজন বলে মত দেন তিনি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের নেতৃত্বে চার সদস্যের প্রতিনিধিদল গতকাল বুধবার প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি (প্রধানমন্ত্রী) এ অভিমত তুলে ধরেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ তথ্য জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৩৫ হাজার শিক্ষার্থী অধ্যয়নের কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেন, উচ্চশিক্ষার ওপর এ ধরনের চাপ কমাতে সরকারি কলেজগুলোকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতায় আনা প্রয়োজন। আর দেশের বেসরকারি কলেজগুলোকেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত করা প্রয়োজন। কারণ, এখানে এত বড় ক্যাম্পাসের প্রয়োজন নেই।

শিক্ষার অধিকতর বিকাশের ওপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার শিক্ষা, বিশেষ করে বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষার সম্প্রসারণে কাজ করছে। তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দক্ষতা সার্বক্ষণিক তদারকির জন্য ইউজিসিকে নির্দেশ দেন।

প্রতিনিধিদলের সদস্যরা বলেন, ১৯৭৩ সালে ইউজিসি প্রতিষ্ঠাকালে দেশে মোট ছয়টি পাবলিক বিশ্ববিদ্যালয় ছিল। এখন দেশে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১২১। তাঁরা প্রধানমন্ত্রীকে অবহিত করেন যে বাংলাদেশে উচ্চশিক্ষার মান বাড়াতে বিশ্বব্যাংকের ২৪০ মিলিয়ন ডলার ঋণ সহায়তায় একটি প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন। প্রতিনিধিদলের সদস্যরা বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে এখন প্রায় ৩০ লাখ শিক্ষার্থী রয়েছে। এর ৬৩ শতাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে অধ্যয়ন করছে।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সুরাইয়া বেগম উপস্থিত ছিলেন। সূত্র : বাসস।